দৈনিক সংবাদ

তারিখ 28 OCT 1995
পৃষ্ঠা ৬ কলাম ৩

7

# দশ মাস না যেতেই একটি বিদ্যালয়ের রেজিস্ট্রেশন বাতিল

(নিজস্ব বার্তা পরিবেশক)

'দু'হাজার সাল নাগাদ সবার জন্য শিক্ষা' কর্মসূচী সম্পর্কে সরকারের পক্ষ থেকে ব্যাপক প্রচার চালানো হলেও কার্যক্ষেত্রে করা হচ্ছে তার উল্টোটা। এর প্রমাণ বরিশাল জেলার সদর থানার একটি প্রাথমিক বিদ্যালয়। এ বিদ্যালয়টির একবার রেজিস্ট্রেশন প্রদান করে আবার কোন কারণ না দেখিয়েই ১০ মাসের মাথায় তা বাতিল করা হয়। [illegible]

খবরে প্রকাশ, ১৯৯৪ সালের ২৯শে সেপ্টেম্বর বরিশাল জেলার সদর থানার দক্ষিণ চরকরমজী উন্নয়নমূলক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়টির রেজিস্ট্রেশন প্রদান করা হয়। যার স্মারক নং ২৯১৫/৯, তারিখ ২৯-৯-৯৪ইং। কিন্তু কোন কারণ না দেখিয়েই কর্তৃপক্ষ বছরের মাঝখানে উক্ত বিদ্যালয়ের রেজিস্ট্রেশন বাতিল করেন। যার স্মারক নং ৯৭২/৯, তারিখ ৭-৬-৯৫ইং। এর ফলে এলাকার জনগণ ও বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। এই আদেশের বিরুদ্ধে বরিশাল শহর ও এলাকায় সমাবেশ ও মিছিল হয়েছে।

এছাড়া ৭নং চরকাউয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ শাহজাহান ভুঁইয়া এক বিবৃতিতে দক্ষিণ চরকরমজী উন্নয়নমূলক প্রাথমিক বিদ্যালয়ের আকস্মিক ও অবৈধভাবে রেজিস্ট্রেশন বাতিলের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। তিনি এই সিদ্ধান্তকে বর্তমান সরকারের সবার জন্য শিক্ষা নীতির সম্পূর্ণ পরিপন্থী বলে উল্লেখ করেন। তিনি অবিলম্বে উক্ত বিদ্যালয়ের রেজিস্ট্রেশন পুনর্বহালের জোর দাবি জানিয়েছেন।